2-8556/13

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 861832

Certified that the document is admitted to Registration. The signature sheets and the endrosement sheets attached with the document are the part of this document.

District Sub-Register-II
Alipore, South 24 Parganas

24 JUL 2013

Sandip Pal

# ॥ ॥ শুভ দানপত্র দলিল ॥ ॥

*********************

দানপত্র গ্রহীতা ঃ শ্রী প্রদীপ কুমার পাল,
পিতা স্বর্গীয় সমীর কুমার পাল,
জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা ব্যবসা, সাকিন পার বাংলা, থানা মহেশতলা, জেলা দক্ষিণ ২৪ পরগণা।

Sandip Pal

দানপত্র দাতা ঃ শ্রী সন্দীপ পাল,
পিতা স্বর্গীয় সমীর কুমার পাল,
জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা ব্যবসা, সাকিন পার বাংলা, থানা মহেশতলা, জেলা দক্ষিণ ২৪ পরগণা।

কস্য শুভ দানপত্র দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ-

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা - মহেশতলা, ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস - আলিপুর, এ্যাডিস্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস - বেহালা, পরগণা - বালিয়া, জে.এল.নং - ৪৯, রেঃ সাঃ নং - ৪৪, মহেশতলা পৌরসভার ২৮ নং ওয়ার্ড ভুক্ত, মৌজা - পার বাংলা গ্রামে, ৩৪৩ নং তৌজি ভুক্ত, আর.এস. ৮ নং খতিয়ানের অন্তর্গত ২০৯ নং দাগে ৫ কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি সহ সম্পত্তি আমি অত্র দানপত্র দাতা গত ইংরাজী ২০/০৬/১৯৯২ তারিখে আমার ঠাকুমা চম্পকলতা পাল ও পিতা সমীর কুমার পাল দিগের নিকট হইতে একখানি রেজিষ্ট্রীকৃত দানপত্র দলিলমূলে প্রাপ্ত হইয়া অদ্যাবধি অন্যের নিরাংশে সর্ম্পূণ পৃথক চিহ্নিত ভাবে খাসে ভোগদখল করিতেছি ও আছি। ঐ দানপত্র দলিল খানি ১৯৯২ সালের আলিপুরের ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির, ১৫৫ নং ভল্যুমে, ২৮৬ নং পাতা হইতে ২৯২ নং পাতায় ১০৭১১ নং দানপত্র দলিল হিসাবে নথিভুক্ত হইয়াছে।

এতৎব্যতীত অত্র দানপত্র গ্রহীতা প্রদীপ কুমার পাল আমার ও আমার শরীকগণের বিরুদ্ধে আলিপুরের সপ্তম সিভিল জজ সিনিয়র ডিভিশন আদালতে একখানি পার্টিশান মোকর্দ্দমা গত ইংরাজী ০১/০৭/২০১০ তারিখে বাদী ও বিবাদীগণের দাখিল করা সোলেনামা দরখাস্ত অনুযায়ী ফাইনাল ডিক্রী বা চূড়ান্ত রায় হয়। সেই বনিয়াদে আমি অত্র দানপত্র দাতা ঐ মৌজা আর.এস. ৮ নং খতিয়ান ভুক্ত আর.এস. ২০৯ নং দাগে ১ কাঠা ৯ ছটাক জমি প্রাপ্ত হই। এমতাবস্থায় উক্ত দানপত্র সূত্রে প্রাপ্ত ৫ কাঠা এবং পার্টিশানের ফাইন্যাল ডিক্রীর বলে প্রাপ্ত ১ কাঠা ৯ ছটাক একুনে মোট ৬ কাঠা ৯ ছটাক বাস্তু জমি ও তদুপরিস্থিত গৃহাদি অদ্যবধি খাসে ভোগদখল করিতেছি ও আছি।

এক্ষণে তুমি আমার আপন ভ্রাতা হইতেছো। তুমি আমাকে যৎপরোনাস্তি ভক্তি শ্রদ্ধা করো। তুমি আমার একান্ত অনুগত ও বাধ্য। তোমার মধুর ব্যবহারে আমাকে সদাই তুষ্ট রাখিয়াছো। তোমার উক্ত রূপ ভ্রাতৃ সুলভ যত্নে আমি পরম সন্তুষ্ট হইয়া তোমার বরাবরে চির নিদর্শন স্বরূপ নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমাকে দান করিব বলিয়া মনে মনে স্থির করিয়া রাখিয়াছি। কিন্তু নানা কারণে তাহা এ পর্য্যন্ত হইয়া ওঠে নাই। সেই কারণে অদ্যকার তারিখে নিম্ন "ক" তপশীল বর্ণিত সম্পত্তি তোমার বরাবরে তোমার সম্মতিক্রমে অত্র দানপত্র দলিল সম্পাদন করতঃ স্বীকার ও অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে ঃ-

Sandip Pal

অত্র দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব দখল, মালিকানা, হক হকিয়ত, সুযোগ সুবিধা প্রভৃতি ছিল বা আছে তৎসমুদয় তোমায় দান করতঃ ধ্বংশ ও লুপ্ত হইল এবং তোমাতে বর্তাইল। তুমি অদ্য হইতে অত্র দানপত্র দলিল বলে, পশ্চিমবঙ্গ সরকারের কালেক্টার বাহাদুরের সেরেস্তায়, স্থানীয় পৌরসভায় আমার নামের পরিবর্তে তোমার নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্য ট্যাক্স ও খাজনাদি সন সন আদায় দিয়া পুত্র পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করণের মাধ্যমে পরম সুখে যদৃচ্ছ্য ভাবে ভোগদখল করিতে থাকো, তাহাতে আমি মায় আমার কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্তগণক্রমে কেহ কোন কালে দাবী দাওয়া, ওজর আপত্তি করিব না বা করিবে না, করিলেও তাহা সদা সর্ব্বদা, সর্ব্বত্র বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে এবং এই দানপত্র চিরসিদ্ধ বলবৎ এবং কার্য্যকর থাকিবে।

উল্লেখ থাকে যে, আমি ইতিপূর্বে নিম্ন "ক" তপশীল বর্ণিত সম্পত্তি বা উহার কোন অংশ ইতিপূর্বে কাহাকেও দান বিক্রয় বন্ধক প্রভৃতি হস্তান্তর করি নাই বা এইরূপ করিব বলিয়া কাহারও সহিত লিখিত বা মৌখিক চুক্তি করি নাই। উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় তোমায় দান করিয়া খাস ও খোলসা দখল দিলাম।

Sandip Pal

প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তাহা হইলে ভ্রম সংশোধন দলিল বিনা ওজরে তোমার বরাবরে সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে আমি মায় ওয়ারিশান গণক্রমে বাধ্য থাকিলাম।

দানকৃত সম্পত্তির আনুমাণিক মূল্য ২,০০,০০০্ (দুই লক্ষ) টাকা।

এতদর্থে স্বেচ্ছায়, সুস্থ শরীরে, সরল অন্তঃকরণে অন্যের বিনা অনুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিল স্বয়ং পাঠ করিয়া ও ইহার অর্থ সকল সম্যক অবগত হইয়া নিম্ন স্বাক্ষীগণের সাক্ষাতে অত্র দানপত্র দলিলে দস্তখত করিলাম ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তাং ইংরাজী ২০১৩ সালের ২৪শে ই জুলাই মোতাবেক বাংলা ১৪২০ সনের ৭ই শ্রাবণ।

**॥ ॥ 'ক' তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় ॥ ॥**

**************************************

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, থানা - মহেশতলা, ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস - আলিপুর, এ্যাডিস্যাল ডিষ্ট্রীক্ট সাব রেজিষ্ট্রী অফিস - বেহালা, পরগণা - বালিয়া, জে.এল.নং - ৪৯, রেঃ সাঃ নং - ৪৪, মহেশতলা পৌরসভার ২৮

Sandip Pal

নং ওয়ার্ড ভুক্ত, মৌজা - পার বাংলা গ্রামে, ৩৪৩ নং তৌজি ভুক্ত, আর.এস. ৮ নং খতিয়ানে লিখিত আর.এস. ২০৯ নং (দুই শত নয়) নং দাগে দান সূত্রে ও পার্টিশান বলে প্রাপ্ত ৬ (ছয়) কাঠা ০৯ (নয়) ছটাক বাস্তু জমি ও গৃহাদির মধ্য হইতে উত্তর দক্ষিণ বরাবর কমবেশী ৩৫'-০" চওড়া এবং পুর্ব্ব পশ্চিম বরাবর ৬৫'-৪ লম্বা যাহা কমবেশী ৩ (তিন) কাঠা ২ (দুই) ছটাক ৩৩ (তেত্রিশ) বর্গফুট বাস্তু জমি ও তদুপরিস্থিত ১০০ বর্গফুট একটি টালির ছাউনীযুক্ত গৃহাদি মায় যাতায়াতের রাইট সহ সর্ব্ব প্রকার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি যাহা অত্র দলিল সংলগ্ন নক্সায় "লাল" রঙে রঞ্জিত ও প্রদর্শিত তাহাই অত্র দানকৃত সম্পত্তি হইতেছে।

ইহার চৌহদ্দি ঃ-

উত্তরে ঃ সন্দীপ পালের জমি।

দক্ষিনে ঃ ১২ ফুট চওড়া রাস্তা।

Sandip Pal

পূর্ব্বে ঃ প্রদীপ কুমার পালের জমি।

পশ্চিমে ঃ জয়দীপ পালের জমি।

Sandip Pal

**দানপত্র দাতার স্বাক্ষর**

আমরা অত্র দানপত্র গ্রহীতা অত্র দানপত্র দাতার স্নেহের দান ভালোবাসার সহিত গ্রহণ করিলাম।

Pradip Kumar Paul.

**দানপত্র গ্রহীতার স্বাক্ষর**

মুসাবিদাকারক ঃ

Santi Priya Ghosh

এ্যাডভোকেট

আলিপুর জাজেস কোর্ট,
কোলকাতা - ৭০০ ০২৭।

কম্পিউটার টাইপ মুদ্রণে ঃ

Sandip Dalui

আলিপুর জাজেস কোর্ট,
কোলকাতা - ৭০০ ০২৭।

**ইসাদি ঃ-**

১। Ajay Mondal
Vill+P.O - Barali
P.S - Nodakhali
Dist 24 Pngs(S)

২। Soumen Maity
vill+P.O - Shyampur
Dist - 24Pgs(S)
Kol - 137

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 17
Page from 4099 to 4111
being No 08554 for the year 2013.

(Malay Chakraborty) 25-July-2013
DISTRICT SUB-REGISTRAR-II
Office of the D.S.R. -I I SOUTH 24-PARGANAS
West Bengal